

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. বসে সালাত আদায় করা

باب فِي صَلَاةِ الْقَاعِدِ

### আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الأَنْبَارِيُّ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ، عَنْ حُسَيْنٍ الْمُعَلِّمِ، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ كَانَ بِيَ النَّاصِورُ فَسَأَلْتُ النَّبِيَّ صلي الله عليه وسلم فَقَالَ " صللِّ قَائِمًا فَإِنْ لَمْ تَسْتَطِعْ فَقَاعِدًا فَإِنْ لَمْ تَسْتَطِعْ فَعَلَى جَنْبِ ".

\_ صحیح :خ

#### বাংলা

৯৫২। 'ইমরান ইবনুল হুসাইন (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার পাঁজরে ব্যথাজনিত রোগ ছিল। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, তুমি দাঁড়িয়ে সালাত আদায় করবে, তাতে সক্ষম না হলে বসে আদায় করবে এবং তাতেও সক্ষম না হলে শুয়ে সালাত আদায় করবে।[1]

সহীহ: বুখারী।

## **English**

'Imran b. Husain said:

I had a fistula; so I asked the prophet (ﷺ). He said: offer prayer in standing condition; if you are unable to do so, then in sitting condition: if you are then at your side(i.e, in lying condition).

### ফুটনোট



[1] বুখারী (অধ্যায় : সালাত কাসর করা, অনুঃ বসে সালাত আদায় করতে না পারলে কাত হয়ে শুয়ে সালাত আদায় করবে, হাঃ ১১১৭), তিরমিয়ী (অধ্যায় : আবওয়াবুস সালাত, অনুঃ বসে সালাত আদায়কারী দাঁড়িয়ে সালাত আদায়কারীর অর্ধেক সওয়াব পাবে, হাঃ ৩৭৩), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ অসুস্থ ব্যক্তির সালাত, হাঃ ১২২৩), আহমাদ (৪/৪২৬) সকলে ইবরাহীম ইবনু ত্বাহমান হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন